



পুলিশের অ্যান্টি টেররিজম ইউনিটের নাম বদলে এসআরইউ



ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশের অ্যান্টি টেররিজম ইউনিটের (এটিইউ) নাম পরিবর্তন করে ‘স্পেশাল রেসপন্স ইউনিট’ (এসআরইউ) করা হয়েছে। এ বিষয়ে সম্প্রতি অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-৩ শাখা।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব তানভীর-আল-নাসীফের সই করা আদেশে বলা হয়েছে, অর্থ বিভাগের জি.ও. পৃষ্ঠাঙ্কনের তারিখ থেকে নতুন নাম কার্যকর হবে।

নাম পরিবর্তন হলেও পুলিশের সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদের সংখ্যা আগের মতোই থাকবে। নতুন করে কোনো পদ সৃষ্টি বা বিলুপ্ত করা হয়নি।

আদেশে বলা হয়েছে, নাম বদলের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত শর্ত মেনে চলতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুসরণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ আগস্ট, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা শাখার ৩১ আগস্ট এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ শাখার ২ সেপ্টেম্বরের স্মারকের উল্লেখ রয়েছে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর এ বিষয়ে আদেশ জারি করা হয়েছে।